

# যুগান্তর

## জাবিতে ছাত্রলীগ নেতাকে মারধর তদন্ত কমিটি

জাবি প্রতিনিধি

০৪ অক্টোবর ২০২৩, ০০:০০:০০ | [প্রিন্ট সংস্করণ](#)

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (জাবি) শাখা ছাত্রলীগের উপ-তথ্য ও প্রযুক্তিবিষয়ক সম্পাদক জাহিদ হাসান ইমনকে বিশ্ববিদ্যালয়ের মওলানা ভাসানী হলের ১২৬ নম্বর কক্ষে নিয়ে বেধড়ক মারধরের ঘটনায় তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

সোমবার শাখা ছাত্রলীগের দপ্তর সম্পাদক মো. বাবুল হোসেন রনি স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, সাম্প্রতিক সময়ে বাংলাদেশ ছাত্রলীগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শাখার উপ-তথ্য ও প্রযুক্তিবিষয়ক সম্পাদক জাহিদ হাসান ইমনের ওপর নির্যাতনের সত্যতা নিরূপণের জন্য চার সদস্যের তদন্ত কমিটি গঠন করা হলো এবং তদন্ত কমিটিকে দ্রুততম সময়ের মধ্যে তদন্ত রিপোর্ট বাংলাদেশ ছাত্রলীগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি আকতারুজ্জামান সোহেল ও সাধারণ সম্পাদক মো. হাবিবুর রহমান লিটনের কাছে জমা দেওয়ার নির্দেশ দেওয়া হলো।

তদন্ত কমিটির সদস্যরা হলেন : শাখা ছাত্রলীগের সহ-সভাপতি শাহরিয়ার আকাশ, যুগ্ম-সাধারণ সম্পাদক মো. বিপ্লব হোসাইন, যুগ্ম-সাধারণ সম্পাদক লেনিন মাহবুব ও সাংগঠনিক সম্পাদক ফরহাদ হোসেন।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: [jugantor.mail@gmail.com](mailto:jugantor.mail@gmail.com)

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023

